# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৫১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

## بَابُ التَّيَمُّمِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ـ إِمْلاَءً ـ ، نَا أَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ ثَابِتٍ الْعَبْدِيُّ ، نَا نَافِعٌ ، قَالَ : انْطَلَقْتُ مَعَ ابْنِ عُمَرَ إِلَى ابْنِ عَبَّاسٍ فِي حَاجَةٍ لاِبْنِ عُمَرَ ، فَقَضَى ابْنُ عُمَرَ حَاجَتَهُ ، فَكَانَ مِنْ حَدِيثِهِ يَوْمَئِذٍ أَنْ قَالَ : مَرَّ رَجُلٌ عَلَى رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي سِكَّةٍ مِنَ السِّكَكِ ، وَقَدْ خَرَجَ مِنْ غَائِطٍ أَوْ بَوْلٍ ، فَسَلَّمَ عَلَيْهِ ، فَلَمْ يَرُدَّ عَلَيْهِ السَّلاَمَ ، حَتَّى إِذَا كَادَ الرَّجُلُ يَتَوَارَى فِي السِّكَّةِ ضَرَبَ بِيَدَيْهِ عَلَى الْحَائِطِ فَمَسَحَ وَجْهَهُ ، ثُمَّ ضَرَبَ ضَرْبَةً أُخْرَى فَمَسَحَ ذِرَاعَيْهِ ، ثُمَّ رَدَّ عَلَى الرَّجُلِ السَّلاَمَ ، وَقَالَ : " إِنَّهُ لَمْ يَمْنَعْنِي أَنْ أَرُدَّ عَلَيْكَ السَّلاَمَ ، إِلاَّ أَنِّي لَمْ أَكُنْ عَلَى طُهْرٍ

বাংলা

৬৫১(৭). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... নাফে’ (রহঃ) বলেন, আমি ইবনে উমার (রাঃ)-এর কোন প্রয়োজনে তার সাথে ইবনে আব্বাস (রাঃ)-এর নিকট গেলাম। ইবনে উমার (রাঃ) পায়খানা-পেশাব সারলেন। সেদিন তিনি এই হাদীস বর্ণনা করতে গিয়ে বলেন, এক ব্যক্তি কোন এক গলিপথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট দিয়ে যাচ্ছিল। তখন তিনি পায়খানা অথবা পেশাব সেরে বের হয়েছেন। লোকটি তাঁকে সালাম দিলো। কিন্তু তিনি সাথে সাথে তার সালামের উত্তর দেননি, এমনকি সে গলির মধ্যে অদৃশ্য হয়ে যাচ্ছিল। তিনি নিজের উভয় হাতে দেয়ালে আঘাত করে তা দ্বারা নিজের মুখমণ্ডল মসেহ করেন। তিনি পুনরায় দেয়ালে হাত মেরে তা দ্বারা নিজের উভয় হাত কনুই সমেত মসেহ করেন, তারপর তার সালামের উত্তর দেন এবং বলেন, তোমার সালামের উত্তর দিতে কোন কিছুই আমাকে বাধা দেয়নি, তবে আমি পবিত্র অবস্থায় ছিলাম না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80440

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন